দর্শনায় কেরুর চুক্তিভিত্তিক ৩ শ্রমিক ১ শ লিটার বাংলা মদসহ গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দর্শনায় কেরুর চুক্তিভিত্তিক ৩ শ্রমিকে ১শ লিটার বাংলা মদসহ গ্রেফতার করেছে। পুলিশ জানায় গত বৃহস্পতিবার দিনগত রাত ২টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় কেরু এন্ড (কোম্পানী) বাংলাদেশ লিমিটেডের চিনিকলের প্রধান গেটে।

এ সময় দর্শনা থানার এসআই শামিম রেজা এএসআই আশিকুর রহমান, শফিকুল ইসলাম, এ এস আই রাইসুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে বাংলা মদসহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্মপাড়ার মৃত দুলাল মন্ডলের ছেলে কেরুজ গ্যারেজের চুক্তিভিত্তিক ড্রাইভার সাবেক মেম্বার সাইফুল ইসলাম (৪০),সহকারী হেলফার দামুড়হুদা হাউলী ইউনিয়নের জয়রামপুর চৌধুরী পাড়ার মতলেব মন্ডলের ছেলে নজরুল ইসলাম
(৩৫) ও কেরু হাসপাতালপাড়ার সাবেদ খানের ছেলে সুজন খান (৩৩) কে ৬টি প্লাষ্টিকের কন্টিনেটারে ১শ লিটার বাংলামদসহ তাদেরকে গ্রেফতার করে।

এ ঘটনায় দর্শনা কেরুর এডিএম ইউসুফ আলী বলেন আমি শুনেছি ১শ লিটার বাংলামদসহ চুক্তিভিত্তিক ড্রাইভার ও দুজন হেলফারকে গ্রেফতার করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা বলেন মাদকদ্রব্য আইনে তাদের বিরুদ্ধে মামলা হয়েছে যার মামলা নং১। গতকালই এস আই শামীম বাদি হয়ে তাদের ৩ জনের বিরুদ্ধে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

এ ঘটনায় সচেতন মহল বলেছে কেরুজ প্রশাসনের দুর্বলতার কারনেই চুরি করেও পার পাচ্ছে চোর চক্র। কেরু প্রশাসনের দুর্বলতা না কি অন্য কোন গোপন কিছু আছে তা খতিযে দেখার দাবি সচেতন মহলের।